

প্রেস রিলিজ

১০ মে ২০২৫

বাউবি'র বরিশাল আঞ্চলিক কেন্দ্রে “শিক্ষার্থীদের সেবা সহজীকরণ ও সেবার গুণগতমান নিশ্চিতকরণ” বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের বর্তমান উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম এর প্রত্যক্ষ নির্দেশনায় ইনস্টিটিশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) আয়োজিত “শিক্ষার্থীদের সেবা সহজীকরণ ও সেবার গুণগতমান নিশ্চিতকরণ” বিষয়ক দিনব্যাপি তৃতীয় কর্মশালা আজ ১০ মে ২০২৫ তারিখ বাউবির বরিশাল আঞ্চলিক কেন্দ্রে অনুষ্ঠিত হয়। বরিশাল আঞ্চলিক কেন্দ্রের আঞ্চলিক পরিচালক ড. মোঃ আজিজুল হক এর সভাপতিত্বে অনুষ্ঠিত কর্মশালায় প্রধান অতিথি ও মূখ্য আলোচক হিসেবে উপস্থিত থেকে কর্মশালা উদ্বোধন করেন, বাউবি'র আইকিউএসি'র পরিচালক, স্কুল অব এগ্রিকালচার এন্ড রুরাল ডিভলপমেন্ট এর অধ্যাপক ড. মোঃ সিরাজুল ইসলাম।

কর্মশালায় প্রধান অতিথি ও মূখ্য আলোচক এর বক্তব্যে অধ্যাপক ড. মোঃ সিরাজুল ইসলাম বলেন, “যোগ্য শিক্ষার্থীদের পাশা-পাশি সমগ্র দেশের অবহেলিত, পিছিয়ে পরা এবং অদক্ষ শিক্ষার্থীদের নিয়ে শিক্ষা কার্যক্রম পরিচালনা করে দেশের সামগ্রিক শিক্ষা ব্যবস্থায় বিশাল অবদান রাখছে বাউবি। একটি ছাতর নিচে সমগ্র দেশের শিক্ষা কার্যক্রম ছড়িয়ে দিয়ে বাউবি ঘরে ঘরে শিক্ষার আলো পৌঁছে দিচ্ছে। তাই বাউবি'র কর্মকর্তা-কর্মচারীদের শিক্ষার্থীদের প্রতি অধিকতর মানবিক, দায়িত্বশীল ভূমিকা রাখার পাশা-পাশি শিক্ষার মান নিশ্চিতকরণ এবং শিক্ষার্থী সেবা সহজীকরণে ভূমিকা রাখতে হবে। “বিশেষ অতিথি ও আলোচক হিসেবে কর্মশালায় বক্তব্য রাখেন, বাউবি'র আইকিউএসি'র অতিরিক্ত পরিচালক, স্কুল অব বিজনেস এর অধ্যাপক ড. মোহাম্মদ জহির রায়হান। বিশেষ অতিথি ও আলোচক এর বক্তব্যে অধ্যাপক ড. মোহাম্মদ জহির রায়হান বলেন, “বিশ্ব এখন অনেক এগিয়ে। এই মেগা বিশ্ববিদ্যালয়-কে শিক্ষার্থী বান্ধব বিশ্ববিদ্যালয় হিসেবে প্রতিষ্ঠিত করার জন্য বাউবি'র সকল কর্মকর্তা-কর্মচারীকে হতে হবে যোগ্য এবং দক্ষ, একই সাথে থাকতে হবে শিক্ষার্থীদের সেবা প্রদানের জন্য আন্তরিকতা। বাউবি'র সকল কর্মকর্তা-কর্মচারীদের একবিংশ শতাব্দির চ্যালেঞ্জ মোকাবেলায় অর্জন করতে হবে কারিগরি দক্ষতা, যোগাযোগ সক্ষমতা এবং একই সাথে তাঁদের থাকতে হবে উন্নত মানবিকতা।” বরিশাল আঞ্চলিক কেন্দ্রের সহকারী পরিচালক (পরীক্ষা) জনাব স্বরূপ চন্দ্র দে এর সঞ্চালনায় অনুষ্ঠিত বরিশাল আঞ্চলিক কেন্দ্রসহ এর আওতাধীন ০৫ টি উপ-আঞ্চলিক কেন্দ্রের মোট ৩৭ জন কর্মকর্তা-কর্মচারী এ কর্মশালায় অংশগ্রহণ করেন।



মোঃ জাহাঙ্গীর হোসেন পাইক

উপ-পরিচালক

মোবাইলঃ ০১৭১৪৫০৫৭৪৭